# উপজেলা পরিষদের মাসিক অনলাইন সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শেখ লুৎফার রহমান বাচ্চু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালগঞ্জ সদর

সভার তারিখ : ২৭/০১/২০২২ খ্রিঃ

সভার সময় : বেলা ১১.৩০ মিঃ

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ অনলাইনে সংযুক্ত আছেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। এরপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত বিভিন্ন বিভাগীয় প্রধানগণ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দাপ্তরিক কার্যক্রম বিষয়ে আলোচনার জন্য আহবান জানান। সভাপতি গোপালগঞ্জ সদর উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়নমূলক চলমান প্রকল্পের কাজ দ্রুত এবং মানসম্মতভাবে বাস্তবায়নের জন্য স্ব স্ব বিভাগীয় প্রধান এবং বাস্তবায়নকারী জনপ্রতিনিধিদের নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক | বিভাগ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | সকল জনসাধারণ যাতে স্বাস্থ্য বিধি মেনে চলে এবং আবশ্যিকভাবে মাস্ক পরিধান করে চলাফেরা করে সে লক্ষ্যে প্রচারণা অব্যাহত রাখার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার গোপালগঞ্জ সদর<br>০২। চেয়ারম্যান, সকল ইউপি |
| ০২) | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, গোপালগঞ্জ সদর জানান যে, এ উপজেলায় সারের কোন সংকট নেই। | উপজেলা কৃষি অফিসার গোপালগঞ্জ সদর |
| ০৩) | প্রাণিসম্পদ বিভাগ | এ বিভাগের কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গোপালগঞ্জ সদর |
| ০৪) | মৎস্য বিভাগ | এ বিভাগের কার্যক্রম চলমান রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোপালগঞ্জ সদর |
| ০৫) | প্রকৌশল বিভাগ | ০১। উপজেলা প্রকৌশলী, গোপালগঞ্জ সদর জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপির কাজ চলমান রয়েছে।<br>২০২১-২০২২ অর্থ বছরের এডিপির কাজ স্বচ্ছতার সাথে মানসম্মতভাবে সম্পাদনের লক্ষ্যে নিয়মিত প্রকল্প পরিদর্শন, প্রকল্পের দ্বৈততা পরিহার এবং মনিটরিং জোরদারকরণের জন্য উপজেলা প্রকৌশলী, গোপালগঞ্জ সদরকে অনুরোধ জানানো হলো। | ০১। উপজেলা প্রকৌশলী, গোপালগঞ্জ সদর |

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিভাগ</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০৫)</td><td>প্রকৌশল বিভাগ</td><td>০২। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গোপালগঞ্জ সদর উপজেলাধীন উলপুর-দুর্গাপুর কাটরবাড়ি সড়ক সম্প্রসারণের জন্য উক্ত রাস্তার পাশের বিভিন্ন প্রজাতির ১০(দশ) টি গাছ কর্তন করা প্রয়োজন। তাছাড়া উপজেলা পরিষদ পুকুরের চারিপাশে ওয়াকওয়ে নির্মাণের জন্য বিভিন্ন প্রজাতির ২২ (বাইশ) টি গাছ কর্তন করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে উন্নয়নমূলক কাজের জন্য উলপুর-দুর্গাপুর কাটরবাড়ি সড়কের পাশের এবং উপজেলা পরিষদ পুকুরের চারিপাশের যথাক্রমে ১০(দশ)টি এবং ২২(বাইশ) টি গাছ কর্তনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ফরেষ্টার, গোপালগঞ্জ সদর উপজেলা বনবিভাগকে বর্ণিত গাছ মার্কিংকরতঃ সম্ভাব্য বিক্রয়মূল্য নির্মাণের জন্য অনুরোধ জানানো হলো।<br><br>০৩। উপজেলা প্রকৌশলী জানান যে, গোপালগঞ্জ সদর উপজেলাধীন নিম্নবর্ণিত সড়কে নতুন ব্রীজ নির্মাণ কাজের জন্য বিদ্যমান পুরাতন ব্রীজসমূহ অপসারণ করা প্রয়োজন যা নিম্নরুপ ঃ<br>ক। উলপুর সড়ক ও জনপথ রাস্তা হতে রামদিয়া জিসি রাস্তায় ৮১০ মি. চেইনেজে ০৯ মিটার পুরাতন জরাজীর্ন আরসিসি ব্রীজ ।<br>খ। উলপুর সড়ক ও জনপথ রাস্তা হতে রামদিয়া জিসি রাস্তায় ৫৩০০ মি. চেইনেজে ২০ মিটার পুরাতন জরাজীর্ন আরসিসি গার্ডার ব্রীজ।<br>গ। বৌলতলী জিসি হতে টুঠামান্দ্রা সড়ক ও জনপথ রাস্তায় (পোস্টঅফিস মোড়) জরাজীর্ন ১০ মি. আরসিসি ব্রীজ ।<br><br>০৪। উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি বছরের এডিপির টেন্ডারের মাধামে বাস্তবায়িত একটি প্রকল্পের আংশিক পরিবর্তনের জন্য চেয়ারম্যান, চন্দ্রদিঘলিয়া ইউনিয়ন পরিষদ আবেদন দাখিল করেছেন । পরিবর্তন প্রস্তাবনা নিম্নরুপ ঃ<br>
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দকৃত টাকার পরিমান</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td><u>অনুমোদিত প্রকল্প</u><br>ক) চন্দ্রদিঘলিয়া মোল্লাপাড়া রাস্তার নজরুল মোল্লার বাড়ি হতে সরদারপাড়া পর্যন্ত রাস্তা সিসি ঢালাইকরণ<br>খ) চন্দ্রদিঘলিয়া ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডে বীর মুক্তিযোদ্ধা খান মোহাম্মদ এবং তোতা মোল্লার বাড়ির রাস্তা সিসি ঢালাইকরণ</td><td>৬,০০,০০০/-</td><td>টেন্ডার</td></tr>
<tr><td><u>সংশোধিত প্রকল্প</u><br>ক) চন্দ্রদিঘলিয়া মোল্লাপাড়া রাস্তার নজরুল মোল্লার বাড়ি হতে সরদারপাড়া পর্যন্ত রাস্তা সিসি ঢালাইকরণ</td><td>৬,০০,০০০/-</td><td>টেন্ডার</td></tr>
</table>
<br>বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত এডিপির প্রকল্প পরিবর্তনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td><td>০১। উপজেলা প্রকৌশলী<br>০২। ফরেষ্টার, উপজেলা বন বিভাগ, গোপালগঞ্জ সদর<br><br>উপজেলা প্রকৌশলী গোপালগঞ্জ সদর<br><br>উপজেলা প্রকৌশলী গোপালগঞ্জ সদর</td></tr>
</table>

| ক্রমিক | বিভাগ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৫) | প্রকৌশল বিভাগ | ০৪। উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের ০২য় জোড়াবাড়িটি দির্ঘদিন যাবৎ সংস্কার করা হয়নি । উক্ত জোড়াবাড়িটি ব্যবহারের উপযোগী করার লক্ষ্যে একটি প্রকল্প ও প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (বিস্তারিত পরিশিষ্ট-খ তে প্রদর্শিত হলো)<br>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ০২ য় জোড়াবাড়ি সংস্কারের জন্য প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হলো। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর<br>০২। উপজেলা প্রকৌশলী গোপালগঞ্জ সদর |
| | | ০৫। উপজেলা প্রকৌশলী জানান যে, করোনা ভাইরাস প্রতিরোধে এডিপি হতে ৪,৩৮,০০০/- ( চার লক্ষ আটত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত টাকায় করোনা ভাইরাস প্রতিরোধে সুরক্ষা সামগ্রী ক্রয় করা যেতে পারে।<br>বিস্তারিত আলোচনান্তে এডিপির বরাদ্দকৃত অর্থে কোটেশনের মাধ্যমে করোনা ভাইরাস প্রতিরোধে সুরক্ষা সামগ্রী ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর<br>০২। উপজেলা প্রকৌশলী গোপালগঞ্জ সদর |
| ০৬) | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন যা নিম্নরুপ ঃ<br>০১। কাবিটা উপজেলা পরিষদ ১ম পর্যায় ঃ মোট বরাদ্দ -৪৮৩৩৪১২/১১ টাকা, ১০২২৭৩৫ চাল, ১০২২৭৩৫ গম , কাজের অগ্রগতি- ২০%।<br>০২। টিআর উপজেলা পরিষদ ১ম পর্যায় ঃ ২৫৯১৯২০/২৮ টাকা, কাজের অগ্রগতি- ২০%<br>০৩। কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক ১ম পর্যায় ঃ তালিকা প্রক্রিয়াধীন ।<br>০৪। টিআর নির্বাচনী এলাকাভিত্তিক ১ম পর্যায় ঃ তালিকা প্রক্রিয়াধীন ।<br>০৫। ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ (কাবিটা) ১ম পর্যায় ঃ মোট বরাদ্দ- ৭,৩৫,০০,০০০/- টাকা , নির্মিত গৃহ- ৩০০ টি , কাজের অগ্রগতি- ২০%/<br>০৬। ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ (কাবিটা) ১ম পর্যায় ঃ মোট বরাদ্দ- ১,৬৬,৬০,০০০/- টাকা, নির্মিত গৃহ - ৬৮ টি , কাজ চলমান।<br>০৭। আশ্রয়ন- প্রকল্পের অধীন ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ ১ম পর্যায় ঃ মোট বরাদ্দ- ৮,২০,৮০,০০০/- টাকা নির্মিত গৃহ-৪৮০ টি, কাজের অগ্রগতি-১০০%<br>০৮। ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ (কাবিটা) ২য় পর্যায় ঃ মোট বরাদ্দ- ৫,৩৩,৯০,০০০/- টাকা, নির্মিত ঘর- ২৮১ টি , কাজের অগ্রগতি- ১০০%।<br>০৯। আশ্রয়ন- প্রকল্পের অধীন ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ ২য় পর্যায়(অতিরিক্ত) ঃ মোট বরাদ্দ-৭,১৭,৭৫,০০০/- টাকা , কাজের অগ্রগতি- ১০০%।<br>১০। ঘূর্ণিঝড় আম্ফানে ক্ষতিগ্রস্থ পরিবার এর গৃহ নির্মান ঃ মোট বরাদ্দ ৮,৫৫,০০০/- টাকা নির্মিত ঘর-০৫ টি , কাজের অগ্রগতি - ১০০%। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার গোপালগঞ্জ সদর |

| ক্রমিক | বিভাগ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৭) | পরিবার পরিকল্পনা বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার গোপালগঞ্জ সদর |
| ০৮) | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, করোনা সংক্রমন বেড়ে যাওয়ায় সকল সকল উচ্চ বিদ্যালয় ও কলেজ বন্ধ রয়েছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ সদর |
| ০৯) | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, করোনা সংক্রমন বেড়ে যাওয়ায় সকল সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ রয়েছে। | উপজেলা শিক্ষা অফিসার গোপালগঞ্জ সদর |
| ১০) | পল্লী উন্নয়ন বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১১) | যুব উন্নয়ন বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১২) | সমবায় বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার গোপালগঞ্জ সদর |
| ১৩) | সমাজ সেবা বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজ সেবা অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১৪) | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী(জস্বাপ্র), গোপালগঞ্জ সদর |
| ১৫) | উপজেলা খাদ্য বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক গোপালগঞ্জ সদর |
| ১৬) | পরিসংখ্যান বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১৭) | দারিদ্র বিমোচন বিভাগ | এ বিভাগ হতে পরিচালিত ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১৮) | মহিলা বিষয়ক বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১৯) | আনসার ও ভিডিপি বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, গোপালগঞ্জ সদর |
| ২০) | বন বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা ফরেস্টার, সামাজিক বন বিভাগ, |
| ২১) | বিএডিসি (ক্ষুদ্র সেচ) বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), গোপালগঞ্জ সদর |

| ক্রমিক | বিভাগ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- |
| ২২) | আমার বাড়ি আমার খামার প্রকল্প | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প, গোপালগঞ্জ সদর |
| ২৩) | পল্লী বিদ্যুৎ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৪) | তথ্য আপা প্রকল্প | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা অফিসার, গোপালগঞ্জ সদর |
| ২৫) | উপজেলা রিসোর্স সেন্টার | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গোপালগঞ্জ সদর |
| ২৬) | বিবিধ - ০১ উপজেলা পরিষদের নতুন অডিটরিয়ামের জন্য সাউন্ড সিস্টেম স্থাপন | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের নতুন অডিটরিয়ামে সাউন্ড সিস্টেম স্থাপনের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে ১৬ জানুয়ারি,২০২২ খ্রি. এর ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০৩৩.২০-৪৮ নং স্মারকে ৪,৬৭,১৩২/- (চারলক্ষ সাতষট্টি হাজার একশত বত্রিশ) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে।<br>বিস্তারিত আলোচনান্তে কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদের নতুন অডিটরিয়ামে সাউন্ড সিস্টেম স্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার গোপালগঞ্জ সদর |
| ২৭) | বিবিধ-০২ উপজেলা পরিষদের নতুন ভবনের মিনি কনফারেন্স রুম ও অডিটরিয়ামের জন্য জন্য চেয়ার ক্রয় | উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর জানান যে, উপজেলা পরিষদের নবনির্মিত ভবনের মিনি কনফারেন্স রুম এবং একটি নতুন অডিটরিয়াম নির্মিত হয়েছে। উপজেলা পরিষদের পুরাতন হল রুমের চেয়ারগুলো অনেক পুরাতন এবং ব্যবহারের অনুপযোগী । এ কারণে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে ২০০ (দুইশত) টি হাতলওয়ালা চেয়ার এবং উন্নত মানের ০২(দুই) টি রিভলবিং চেয়ার এবং একটি সোফাসেট ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উপজেলা প্রকৌশলী এ ক্রয়ের ক্রয়ের জন্য ১২,৯৫,০০০/- (বার লক্ষ পঁচানব্বই হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত পূর্বক দাখিল করেছেন। উপজেলা পরিদের রাজস্ব তহবিল হতে এক বছরে ৩,০০,০০০/- তিন লক্ষ) টাকার নতুন আসবাবপত্র ক্রয়ের নির্দেশনা রয়েছে।<br>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নব নির্মিত ভবনের মিনি কনফারেন্স রুম এবং অডিটরিয়ামের জন্য ১২,৯৫,০০০/- (বার লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ব্যয়ে ২০০ (দুইশত) টি হাতলওয়ালা চেয়ার এবং উন্নত মানের ০২(দুই) টি রিভলবিং চেয়ারএবং একটি সোফাসেট ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। উপজেলা রাজস্ব তহবিল নির্দেশিকার ৩ এর ছ অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে চেয়ার সরবরাহকারী প্রতিষ্ঠানকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। বিলের বাকী টাকা প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন গ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদরকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার গোপালগঞ্জ সদর |

| ক্রমিক | বিভাগ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২৮) | বিবিধ-০২ উপজেলা পরিষদের নতুন ভবনের মিনি কনফারেন্স রুম ও অডিটরিয়ামের ইনটেরিয়র ডেকরেশন | উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগের ১৩-১২-২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০৩৩.২০-৬৫৩ নং স্মারকে উপজেলা পরিষদের (১) নবনির্মিত সম্প্রসারিত কমপ্লেক্স ভবনের মিনি কনফারেন্স রুম ইন্টেরিয়র ডেকোরেশন বাবদ ১১,৫৮,০০০.০০ (এগার লক্ষ আটান্ন হাজার) এবং (২) নবনির্মিত অডিটরিয়ামের ইন্টেরিয়র ডেকোরেশন বাবদ ২৯,২০,০০০.০০ (ঊনত্রিশ লক্ষ বিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়।<br>বিস্তারিত আলোচনান্তে বর্ণিত দুটি কাজ আর, এফ কিউ পদ্ধতির মাধ্যমে নিম্নোক্ত বিভাজন মোতাবেক বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো ঃ | উপজেলা প্রকৌশলী গোপালগঞ্জ সদর |
| ২৯) | বিবিধ-০২ উপজেলা পরিষদের নতুন ভবনের মিনি কনফারেন্স রুম ও অডিটরিয়ামের ইনটেরিয়র ডেকরেশন | ০১। নবনির্মিত সম্প্রসারিত কমপ্লেক্স ভবনের মিনি কনফারেন্স রুম ইন্টেরিয়র ডেকোরেশন:<br>১ম অংশ : ৫,৭৩,৯১৭/- টাকা<br>২য় অংশ- ৫,৮৪,০৮৩/- টাকা<br>০২। নব নির্মিত অডিটরিয়ামের ইন্টেরিয়র ডেকোরেশন :<br>১ম অংশ - ৫,৭৯,২৬৬/- টাকা<br>২য় অংশ - ৫,৭৮,৭৩৫/- টাকা<br>৩য় অংশ- ৫,৮৫,৮২৬/- টাকা<br>৪র্থ অংশ- ৫,৯৪,২৭৮/- টাকা<br>৫ম অংশ - ৫,৮১,৮৯৫/- টাকা | |
| ৩০) | উপজেলা পরিষদ এর অর্থায়নে মুজিব শতবর্ষে ভূমিহীনদের পূনর্বাসনের জন্য ঘর নির্মাণ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীনদের জন্য ঘর নির্মাণের আওতায় উপজেলা পরিষদ এর অর্থায়নে ঘর নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে ১৭/০৬/২০২১ খ্রি. এর ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-৪৩৮ নং স্মারকে গোপালগঞ্জ সদর উপজেলা পরিষদ হতে ০৩(তিন) টি ঘর নির্মাণের নির্দেশনা রয়েছে।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ সদর উপজেলার নিম্নবর্ণিত ০৩(তিন) জন ভূমিহীনদের ভূমিতে উপজেলা পরিষদ এর রাজস্ব তহবিল এর অর্থায়নে ঘর নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ<br>০১। রমিজ হাওলাদার, পিতা- অজিত হাওলাদার, মাতা- আলেকজান বিবি, গ্রাম- উত্তরপাড়া হাওলাদার বাড়ি, ইউপি- কাজুলিয়া, উপজেলা- গোপালগঞ্জ, জেলা- গোপালগঞ্জ<br>০২। রিপন মোল্লা, পিতা- আকবর মোল্লা, মাতা- সুফিয়া বেগম, গ্রাম- কাঠি মোল্লাবাড়ি, ইউপি- কাঠি, উপজেলা- গোপালগঞ্জ, জেলা- গোপালগঞ্জ<br>০৩। রিপা বেগম, পিতা- আইউব আলী শেখ, মাতা- খাদিজা বেগম, গ্রাম- ভবানীপুর, ইউপি- মাঝিগাতী, , উপজেলা- গোপালগঞ্জ, জেলা- গোপালগঞ্জ<br>উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর ঘর নির্মাণের সার্বিক কার্যক্রম গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার গোপালগঞ্জ সদর |

| ক্রমিক | বিভাগ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩১) | ইউনিয়ন পরিষদ এর নব নির্বাচিত চেয়ারম্যানগণের বরণ এবং সাবেক চেয়ারম্যানগণের বিদায় অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর জানান যে, গোপালগঞ্জ সদর উপজেলার নব নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের বিদায় অনুষ্ঠানের আয়োজন করতে হবে । উক্ত অনুষ্ঠানের জন্য ১,২০,০০০/- (একলক্ষ বিশ হাজার) টাকা সম্ভাব্য ব্যয় হবে। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গোপালগঞ্জ সদর উপজেলার নব নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের বিদায় অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার গোপালগঞ্জ সদর |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ লুৎফার রহমান বাচ্চু)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোপালগঞ্জ সদর

স্মারক নং ০৫.৩০.৩৫৩২.০০২.০৬.০১৫.২০ . ১১১ (৬০) তারিখ: ২৭/০১/২০২২ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ২১৬-গোপালগঞ্জ-২ ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৫। উপজেলা ........................................... অফিসার, গোপালগঞ্জ সদর।
৬। চেয়ারম্যান,----------------------- ইউপি (সকল), গোপালগঞ্জ সদর।

(মো: রাশেদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর
ফোন ০২-৬৬৮৫৩১৫
E-mail: unogopalganj@mopa.gov.bd

## সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্য/কর্মকর্তাবৃন্দ (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়) পরিশিষ্ট-ক:

### উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাবৃন্দ:

১। উপজেলা নির্বাহী অফিসার , গোপালগঞ্জ সদর।
৪। জনাব নাজমুল হাসান নাজিব, প্যানেল মেয়র, গোপালগঞ্জ পৌরসভা।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোপালগঞ্জ সদর
৬। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গোপালগঞ্জ সদর।
৭। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোপালগঞ্জ সদর ।
৮। উপজেলা কৃষি কর্মকর্তা, গোপালগঞ্জ সদর।
৯। উপজেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ সদর।
১০। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোপালগঞ্জ সদর।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ সদর।
১২। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, গোপালগঞ্জ সদর।
১৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোপালগঞ্জ সদর।
১৪। উপজেলা সমবায় কর্মকর্তা, গোপালগঞ্জ সদর।
১৫। সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), গোপালগঞ্জ সদর।
১৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোপালগঞ্জ সদর ।
১৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ সদর।
১৮। উপজেলা পরিসংখ্যান অফিসার, গোপালগঞ্জ সদর ।
১৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোপালগঞ্জ ।
২০। উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গোপালগঞ্জ সদর।
২১। উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, গোপালগঞ্জ সদর।
২২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোপালগঞ্জ সদর।
২৩। উপজেলা সমনয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প
২৪। এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, গোপালগঞ্জ
২৫। তথ্য সেবা কর্মকর্তা, গোপালগঞ্জ সদর
২৬। প্রতিনিধি , নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গোপালগঞ্জ
২৭। প্রতিনিধি , নির্বাহী প্রকৌশলী,স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোপালগঞ্জ
২৮। ইউডিএফ, ইউজিডিপি, গোপালগঞ্জ সদর
২৯। চেয়ারম্যান, জালালাবাদ ইউপি
৩০। চেয়ারম্যান, শুকতাইল ইউপি
৩১। চেয়ারম্যান, গোপীনাথপুর ইউপি।
৩২। চেয়ারম্যান, পাইককান্দি ইউপি
৩৩। চেয়ারম্যান, বৌলতলী ইউপি
৩৪। চেয়ারম্যান, সাতপাড় ইউপি
৩৫। চেয়ারম্যান, সাহাপুর ইউপি
৩৬। চেয়ারম্যান, নিজড়া ইউপি
৩৭। ভারপ্রাপ্ত চেয়ারম্যান, করপাড়া ইউপি
৩৮। চেয়ারম্যান, কাজুলিয়া ইউপি
৩৯। চেয়ারম্যান,কাঠি ইউপি
৪০। চেয়ারম্যান, মাঝিগাতী ইউপি
৪১। চেয়ারম্যান, রঘুনাথপুর ইউপি
৪২। চেয়ারম্যান, গোবরা ইউপি
৪৩। চেয়ারম্যান, বোড়াশী ইউপি
৪৪। চেয়ারম্যান, উরফি ইউপি ।
৪৫। চেয়ারম্যান, হরিদাসপুর ইউপি।
৪৬। চেয়ারমাান, উলপুর ইউপি।
৪৭। চেয়ারম্যান, দুর্গাপুর ইউপি

### সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাবৃন্দ :

০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালগঞ্জ
০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালগঞ্জ সদর।
০৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোপালগঞ্জ সদর।
০৪। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গোপালগঞ্জ সদর ।
০৫। ফরেস্টার, সামাজিক বন বিভাগ, গোপালগঞ্জ সদর।
০৬। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গোপালগঞ্জ সদর।
০৭। উপজেলা সমন্বয়কারী , আমার বাড়ি আমার খামার প্রকল্প।
০৮। চেয়ারম্যান, লতিফপুর ইউপি
০৯। চেয়ারমাান, চন্দ্রদিঘলিয়া ইউপি।
১০। চেয়ারমাান, রঘুনাথপুর ইউপি।
১১। জনাব লাভলী বেগম, সংরক্ষিত আসন-০১
১২। জনাব নিপা বেগম, সংরক্ষিত আসন-০২
১৩। জনাব মুক্তা বেগম, সংরক্ষিত আসন-০৩
১৪। জনাব ঝর্না বেগম, সংরক্ষিত আসন-০৪
১৫। জনাব নাছিমা বেগম, সংরক্ষিত আসন- ০৫
১৬। জনাব ফারজানা ইয়াসমিন, সংরক্ষিত আসন-০৬